

# **इन्डि**

ज्नोक्तनाथ चाक्ज

#### বিশ্বভারতী গ্রন্থন-বিভাগ ২১০ কর্নপ্রজালিস স্ট্রীট, কলিকাতা প্রকাশক—শ্রীকিশোরীমোহন সাঁতরা।

#### সেঁজুভি

প্রথম সংস্করণ

ভাজ, ১৩৪৫ मान।

मृला-এक টাকা।

শান্তিনিকেতন প্রেস, শান্তিনিকেতন, (বীরভূম)। প্রভাতকুমার মুখোপাধ্যায় কর্তৃ ক মুদ্রিত।

## উৎमर्গ

ডাক্তার সার নীলরতন সরকার বন্ধুবরেযু—

অন্ধ তামস গহার হতে
ফিরিমু সূর্যালোকে।
বিশ্বিত হয়ে আপনার পানে
হেরিমু নূতন চোখে।
মত্যের প্রাণ-রঙ্গভূমিতে
যে-চেতনা সারারাতি

সুখ তুঃখের নাট্যলীলায় জেলে রেখেছিল বাতি

সে আজি কোথায় নিয়ে যেতে চায় অচিহ্নিতের পারে,

নব প্রভাতের উদয়সীমায়

অরূপলোকের দ্বারে।

আলো আঁধারের ফাঁকে দেখা যায় অজানা তীরের বাসা,

বিামিবামি করে শিরায় শিরায় দূর নীলিমার ভাষা॥ সে ভাষার আমি চরম অর্থ
জানি কিবা নাহি জানি,—
ছন্দের ডালি সাজাত্ম তা দিয়ে,
ভোমারে দিলাম আনি'।


त्रवीखनाथ ठाक्त

শান্তিনিকেতন ১ আবণ, ১৩৪৫

## সূচী

<b>क्रम</b> िन	আজ মম জন্মদিন	>
পতোত্র	চির প্রশ্নের বেদী-সমূথে	٣
যাবার মুখে	যাক্ এ জীবন	>\$
অমৰ্ত্য	আমার মনে একটুও নেই বৈকুণ্ঠের আশা	26
<b>अमाय्र</b> नी	ষে পলায়নের অসীম তর্ণী	74
স্মরণ	ধখন রবো না আমি মত্যকায়ায়	२२
স্ক্যা	চলেছিল मারা প্রহর	\$0
ভাগীরথী	পূর্বযুগে, ভাগীরথী, ভোমার চরণে দিল আনি	२५
তীর্থযাত্রিণী	তীর্থের যাত্রিণী ও যে	٥)
নতুন কাল	কোন্ সে কালের কণ্ঠ হতে এসেছে এই স্বর	<b>७</b> 8
চলতি ছবি	রোদুরেতে ঝাপদা দেখায়	<b>Ob-</b>
ঘর ছাড়া	তথন একটা রাত	8३
<b>क्र</b> श्रमिन	पृष्ठिकाल	86
প্রাণের দান	অব্যক্তের অন্তঃপুরে উঠেছিলে জেগে	85
निःदम्य	শরৎ বেলার বিভবিহীন মেঘ	( 0
প্রতীক্ষা	অসীম আকাশে মহাতপশ্বী	٤٥
পরিচয়	একদিন তরীখানা থেমেছিল	(0
পালের নৌকা	তীরের পানে চেয়ে থাকি	06

<b>ठलां</b> ठल	ওরা তো সব পথের মাহুষ	Cb
মায়া	করেছিত্ব যত স্থরের সাধন	৫১
গগনেন্দ্ৰনাথ ঠাব	চ্র রেথার রঙের তীর হতে তীরে	৬১
ष्ट्रिंगि	আমার ছুটি আসছে কাছে	৬২





## জন্মদিন

আজ মম জ্মদিন। সৃত্তই প্রাণের প্রান্তপথে
ডুব দিয়ে উঠেছে সে.বিলুপ্তির অন্ধকার হতে
মরণের ছাড়পত্র নিয়ে। মনে হতেছে কী জানিপুরাতন বংসরের গ্রন্থিবাধা জীর্ণ মালাখানি
সেথা গৈছে ছিন্ন হয়ে; নবস্ত্রে পড়ে আজি গাঁথা
নব জ্মদিন। জ্মোংসবে.এই যে আসন পাতাহেথা আমি যাত্রী শুধু, অপেক্ষা করিব, লব টিকা
মৃত্যুর দক্ষিণ হস্ত হতে.নূতন অরুণলিখা
যবে দিবে যাত্রার ইকিত।

#### দে জুতি

আজ আসিয়াছে কাছে
জন্মদিন,মৃত্যুদিন, একাসনে দোঁহে বসিয়াছে,
ত্ই আলো মুখোমুখি মিলিছে জীবনপ্রান্তে মম ।
রজনীর চক্র আর প্রত্যুষের শুক্তারাসম,
এক মন্ত্রে দোঁহে অভ্যুর্থনা।

প্রাচীন অতীত, তুমি
নামাও তোমার অর্য্য; অরূপ প্রাণের জন্মভূমি
উদয়শিখরে তার দেখো আদি জ্যোতি। করো মোরে
আশীর্বাদ, মিলাইয়া যাক,তৃষাতপ্ত দিগস্তরে
মায়াবিনী মরীচিকা। ভরেছিয়ু আসক্তির ডালি
কাঙালের মতো, অশুচি সঞ্চয়পাত্র করো খালি,
ভিক্ষামৃষ্টি ধুলায় ফিরায়ে লও, যাত্রাভরী বেয়ে
পিছু ফিরে আর্ত চুক্ষে, যেন নাহি দেখি চেয়ে চেয়ে
জীবন-ভোজের শেষ উচ্ছিষ্টের পানে।

(হ বসুধা

নিত্য নিত্য বুঝায়ে দিতেছ মোরে—যে তৃক্ষা যে কুধা তোমার সংসার-রূথে সহস্রের সাথে বাঁধি' মোরে টানায়েছে রাত্রি দিন-স্থুল স্ক্র নানাবিধ ডোরে নানা দিকে নানা পথে, আজ তার অর্থ গেল ক'মে ছুটির গোধুলিবেলা তন্ত্রালু আলোকে। তাই,ক্রমে ফিরায়ে নিতেছ শক্তি, হে কপণা, চক্কর্ণ থেকে.
আড়াল করিছ স্বচ্ছ আলো; দিনে দিনে টানিছে কে
নিপ্পভ নেপথ্য পানে। আমাতে তোমার প্রুয়োজন
শিথিল হয়েছে, তাই মূল্য মোর করিছ হরণ,
দিতেছ ললাটপটে বর্জনের ছাপ। কিন্তু জানি ।
তোমার অবজ্ঞা মোরে পারে না ফেলিতে দ্রে টানি'।
তব প্রয়োজন হতে অতিরিক্ত যে মামুষ, তারে
দিতে হবে চরম সম্মান তব শেষ নমস্কারে।
যদি মোরে পুলু করো, যদি মোরে করো অন্ধ্রায়,
যদি বা প্রচ্ছন্ন করো.নিঃশক্তির প্রদোষচ্ছায়ায়,
বাঁধো বার্ধ কারে জালে, তব্ ভাঙা মূন্দিরবেদীতে
প্রতিমা অক্রম র'বে সগৌরবে, তারে কেড়ে নিতে
শক্তি নাই তব।

ভাঙো-ভাঙো. উচ্চ করে। ভগ্নস্থপ, জীর্ণতার অন্তরালে জানি মোর আনন্দস্বরূপ রুয়েছে উজ্জল হুয়ে। স্থা তারে দিয়েছিল আনি' প্রতিদিন চতুর্দিকে রসপূর্ণ আকাশের বাণী, প্রত্যুত্তরে নানা ছন্দে গেয়েছে সে, ভালবাসিয়াছি। সেই ভালবাসা মোরে তুলেছে সুর্গের কাছাকাছি

ছাড়ায়ে ভোমার অধিকার। আমার সে ভালবাসা সব ক্ষয়ক্ষতিশেষে অবশিষ্ঠ র'বে; তার ভাষা र्य़ाण रात्रात मीशि ज्ञात्मत्र म्नानभ्य्यर्भ लिए তবু সে অমৃতরূপ সঙ্গে র'বে ্যদি উঠি জেগে মৃত্যু-পরপারে। তারি অঙ্গে এঁকেছিল পত্রলিখা আঅমুঞ্জরীর রেণু, এঁকেছে পেলব শেফালিকা সুগন্ধি শিশির কণিকায়; তারি সুক্ষা উত্তরীতে গেঁথেছিল শিল্পকারু প্রভাতের দোয়েলের গীতে চুকিত কাকলী সূত্রে; প্রিয়ার বিহ্বল স্পর্শথানি रुष्टि कतियाद जात नर्व (मरह तामाक्षिक वानी, নিত্য তাহা রয়েছে সঞ্চিত। যেথা তব কম শালা সেথা বাতায়ন হতে কে জানি পরায়ে দিত মালা वाभात्र नना ए रिवित महमा क्रिक व्यवकारम, সে নহে ভৃত্যের পুরস্কার; কী ইঙ্গিতে কী আভাসে মুহুতে জানায়ে চলে যেত অসীমের আত্মীয়তা অধরা অদেখা দূত, ব'লে যেত ভাষাতীত কথা অপ্রয়োজনের মানুষেরে।

সে মানুষ, হে ধরণী, তোমার আশ্রয় ছেড়ে যাবে যবে, নিয়ো তুমি গনি' যা কিছু দিয়েছ তারে, তোমার কর্মীর যত সাজ,
তোমার পথের যে পাথেয়, তাহে সে পাবে না লাজ;
রিক্ততায় দৈশ্য নহে। তবু জেনো অবজ্ঞা করিনি
তোমার মাটির দান, স্থামি সে মাটির কাছে ঋণী—
জানায়েছি বারংবার, তাহারি বেড়ার প্রান্ত হতে.
অমূতের পেয়েছি সন্ধান। যবে আলোতে আলোতে লীন হোত জড় যবনিকা, পুম্পে পুম্পে, তৃণে তৃণে রিপে রসে, সেই ক্ষণে যে গৃঢ় রহস্ত দিনে দিনে
হোত নিংশ্বসিত, আজি মতে রি অপুর তীরে বৃঝি
চলিতে ফিরামু মুখ,তাহারি চরম অর্থ খুঁজি'।

যবে শাস্ত নিরাসক্ত গিয়েছি তোমার নিমন্ত্রণে তোমার অমরাবতী স্থপ্রসন্ন গেই শুভক্ষণে মুক্তদার; বুভুক্ষর লালসারে করে সে বঞ্চিত; তাহার মাটির পাত্রে যে অমৃত রয়েছে সঞ্চিত নহে তাহা দীন ভিক্ষু লালায়িত লোলুপের লাগি। ইন্দ্রের ঐশর্য নিয়ে, হে ধরিত্রী, আছ তুমি জ্বাগি ত্যাগীরে প্রত্যাশা করি', নির্লোভেরে স্পিতে সম্মান, তুর্গমের পথিকেরে আতিথ্য করিতে তব দান বৈরাগ্যের শুভ্র সিংহাসনে। ক্ষুক্ক যারা, লুক্ক যারা, মাংসগদ্ধে মুক্ষ যারা, একান্ত আতার দৃষ্টিহারা

শাশানের প্রান্তচর, আবর্জনাকুণ্ড তব ঘেরি' বীভংস চীংকারে তা'রা রাত্রিদিন করে ফেরাফেরি, নিল জ্জ হিংসায় করে হানাহানি।

শুনি তাই আজি

মানুষ জন্তর হুহুংকার দিকে দিকে উঠে বাজি'।
তবু যেন হেসে যাই যেমন হেসেছি বারে বারে
পণ্ডিতের মৃঢ্তায়, ধনীর দৈক্সের অত্যাচারে,
সজ্জিতের রূপের বিদ্রুপে। মানুষের দেবতারে
ব্যঙ্গ করে যে অপদেবতা বর্বর মুখবিকারে
তারে হাস্ত হেনে যাব, ব'লে যাব, এ প্রহসনের
মধ্য অঙ্কে অকস্মাৎ হবে লোপ হুই স্থপনের,
নাট্যের করররপে বাকি শুধু র'বে ভস্মরাশি
দগ্ধশেষ মশালের, আর অদৃষ্টের অট্টাসি।
ব'লে যাব, দ্যুভচ্ছলে দানবের মৃঢ় অপব্যয়
গ্রন্থিতে পারে না কভু ইতিবৃত্তে শাশ্বত অধ্যায়।

বৃথা বাক্য থাক্। তব দেহলিতে শুনি ঘণ্টা বাজে শেষ প্রহরের ঘণ্টা; সেই সঙ্গে ক্লান্ত বক্ষোমাঝে

শুনি বিদায়ের দ্বার খুলিবার শব্দ সে অদ্রে
ধ্বনিতেছে স্থাস্তের রঙে রাঙা পুরবীর স্থরে।
জীবনের স্মৃতিদীপে আজিও দিতেছে যারা জ্যোতি
সেই ক'টি বাতি দিয়ে রচিব ভোমার সন্ধ্যারতি
সপ্তর্ষির দৃষ্টির সম্মুখে, দিনাস্তের শেষ পলে
র'বে মোর মৌন বীণা মূর্ছিয়া তোমার পদতলে।
আর র'বে পশ্চাতে আমার, নাগকেশরের চারা
ফুল যার ধরে নাই, আর র'বে খেয়াতরীহারা
এপারের ভালবাসা, বিরহস্মৃতির অভিমানে
ক্লান্ত হয়ে, রাত্রিশেষে ফিরিবে সে পশ্চাতের পানে॥

भोत्रीभूत ভবন, कानिष्णः। २०८७ दिणाथ, ১७৪०

#### পত্রোত্তর

( ডাক্তার শ্রীসুরেন্দ্রনাথ দাসগুপ্তকে লিখিত )

বন্ধু,

চিরপ্রশ্নের বেদী-সম্মুখে চিরনির্বাক রহে
বিরাট নিরুত্তর,
ভাহারি পরশ পায় যবে মন নম্র ললাটে বহে
আপন শ্রেষ্ঠ বর।
খনে খনে তারি বহিরঙ্গণ-দ্বারে
পুলকে দাঁড়াই, কত কী যে হয় বলা,
শুধু মনে জানি বাজিল না বীণাতারে
পরমের স্থুরে চরমের গীতিকলা।

চকিত আলোকে কখনো সহসা দেখা দেয় সুন্দর,
—দেয় না তবুও ধরা,
মাটির ছ্য়ার ক্লেক খুলিয়া আপন গোপন ধর
দেখায় বস্ক্রা।

আলোকধামের আভাস সেথায় আছে মতেরি বুকে অমৃত পাত্রে ঢাকা; ফাগুন সেথায় মন্ত্র লাগায় গাছে, অরূপের রূপ পল্লবে পড়ে আঁকা॥

তারি আহ্বানে সাড়া দেয় প্রাণ, জাগে বিস্মিত সুর, নিজ অর্থ না জানে। ধূলিময় বাধাবন্ধ এড়ায়ে চলে যাই বহুদূর আপনারি গানে গানে।

দেখেছি, দেখেছি, এই কথা বলিবারে স্থর বেধে যায়, কথা না জোগায় মুখে, ধন্য যে আমি সে কথা জানাই কারে পরশাতীতের হরষ জাগে যে বুকে॥

তৃঃখ পেয়েছি, দৈশ্য ঘিরেছে, অশ্লীল দিনে রাতে দেখেছি কুঞ্জীতারে, মানুষের প্রাণে বিষ মিশায়েছে মানুষ আপন হাতে ঘটেছে তা বারে বারে।

তবু তো বধির করেনি প্রবণ কভু, বেস্থর ছাপায়ে, কে দিয়েছে স্থর আনি, পরুষ-কলুষ ঝঞ্চায় শুনি তবু চিরদিবসের শাস্ত শিবের বাণী।

যাহা জানিবার কোনোকালে তার জেনেছি যে কোনো কিছু

—কে তাহা বলিতে পারে।

সকল পাওয়ার মাঝে না-পাওয়ার চলিয়াছি পিছু পিছু

অচেনার অভিসারে।

তবুও চিত্ত অহেতু আনন্দেতে বিশ্বনৃত্যলীলায় উঠেছে মেতে। সেই ছন্দেই মুক্তি আমার পাব, মৃত্যুর পথে মৃত্যু এড়ায়ে যাব।

ওই শুনি আমি চলেছে আকাশে ধাঁধনছেঁ ড়ার রবে
নিখিল আত্মহারা।
ওই দেখি আমি অস্তবিহীন সন্তার উৎসবে
ছুটেছে প্রাণের ধারা।

সে ধারার বেগ লেগেছে আমার মনে, এ ধরণী হতে বিদায় নেবার ক্ষণে; নিবায়ে ফেলিব ঘরের কোণের বাতি, যাব অলক্ষ্যে সূর্যভারার সাধী।



কী আছে জানি না দিন-অবসানে মৃত্যুর অবশেষে;

এ প্রাণের কোনো ছায়া
শেষ আলো দিয়ে ফেলিবে কি রং অন্তর্নর দেশে,
রচিবে কি কোনো মায়া।
জীবনেরে যাহা জেনেছি, অনেক তাই,
সীমা থাকে থাক্, তবু তার সীমা নাই।
নিবিড় তাহার সত্য আমার প্রাণে
নিখিল ভুবন ব্যাপিয়া নিজেরে জানে॥

भःशू, मार्জिनिः ১৬ देजार्ष्ठ, ১৩৪৫

## यावात यूटथ

याक् এ जीवन, याक् नित्य याश प्रेट याय, याश ছুটে যায়, যাহা ধূলি হয়ে লোটে ধূলি'পরে, চোরা মৃত্যুই যার অন্তরে, যাহা द्रार्थ याय ७ धू काँक। याक् এ कीवन পুঞ্জिত তার জঞ্জাল নিয়ে যাক্। টুকরো যা থাকে ভাঙা পেয়ালার, ফুটো সেতারের স্থরহারা তার, मिथा-निर्व-या ७ या वा जि, স্বপ্নশেষের ক্লান্তি-বোঝাই রাতি;— নিয়ে যাক্ যত দিনে দিনে জমা-করা প্রবঞ্চনায় ভরা নিম্ফলতার স্যত্ন সঞ্য। कुषारम बाँगिय मूर्ष्ट निरम याक, निरम याक त्थिय करिं ভাটার স্রোতের শেষ-খেয়া-দেওয়া তরী।

निः भिष यदि देश ये कि कि को कि তব্ও যা রয় বাকি— জগতের সেই সকল কিছুর অবশেষেতেই कांद्रीशिक्ष काल यक व्यकारकत त्वलाय, মন ভোলাবার অকারণ গানে কাজ-ভোলাবার খেলায়। সেখানে যাহারা এসেছিল মোর পাশে তা'রা কেহ নয় তা'রা কিছু নয় মামুষের ইতিহাসে। শুধু অসীমের ইশারা তাহারা এনেছে আঁখির কোণে, অমরাবতীর নৃত্যনূপুর বাজিয়ে গিয়েছে মনে। দখিন হাওয়ার পথ দিয়ে তা'রা উকি মেরে গেছে দারে, कारना कथा मिर्य তाদের कथा य व्यार् भारिन कारत। রাজা মহারাজ মিলায় শৃত্যে ধুলার নিশান তুলে, তा'ता দেখা দিয়ে চলে যায় যবে ফুটে ওঠে ফুলে ফুলে। थाक नारे थाक किছू एउरे निरे ७য়, যাওয়ায় আসায় দিয়ে যায় ওরা নিভার পরিচয়। অজানা পথের নামহারা ওরা লজ্জা দিয়েছে মোরে হাটে বাটে যবে ফিরেছি কেবল নামের বেসাভি ক'রে॥

> আমার ছয়ারে আঙিনার ধারে ঐ চামেলির লতা কোনো ছদিনে করে নাই কুপণতা।

## শে কৃতি

ওই যে শিমূল ওই যে সজিনা আমারে বেঁধেছে ঋণে,—
কত যে আমার পাগলামি-পাওয়া দিনে
কেটে গেছে বেলা শুধু চেয়ে-থাকা মধুর মৈতালিতে,
নীল আকাশের তলায় ওদের সবৃদ্ধ বৈতালিতে।
সকালবেলার প্রথম আলোয় বিকালবেলার ছায়ায়
দেহপ্রাণমন ভরেছে সে কোন্ অনাদিকালের মায়ায়।
পেয়েছি ওদের হাতে

দূর জনমের আদি পরিচয় এই ধরণীর সাথে।
অসীম আকাশে যে প্রাণ-কাঁপন অসীম কালের বৃকে
নাচে অবিরাম, তাহারি বারতা শুনেছি ওদের মুখে।
যে মন্ত্রখানি পেয়েছি ওদের সুরে
তাহার অর্থ মৃত্যুর সীমা ছাড়ায়ে গিয়েছে দূরে।

সেই সভ্যেরি ছবি

তিমিরপ্রাস্তে চিত্তে আমার এনেছে প্রভাত-রবি। সে রবিরে চেয়ে কবির স্নে বাণী আসে অস্তরে নামি'— "যে আমি রয়েছে তোমার আমায় সে আমি আমারি আমি।"

त्म यामि मकन कातन,

সে আমি সকল খানে,

প্রেমের পরশে সে অসীম আমি বেজে ওঠে মোর গানে।

যায় যদি তবে যাক, এল যদি শেষ ডাক,—

শে জুতি

অসীম জীবনে এ ক্ষীণ জীবন শেষ রেখা এঁকে যাক,
মৃত্যুতে ঠেকে যাক।
যাক নিয়ে যাহা টুটে যায়, যাহা
ছুটে যায়, যাহা
ধূলি হয়ে লুটে ধূলি'পরে, চোরা
মৃত্যুই যার অন্তরে, যাহা
রেখে যায় শুধু ফাঁক—
যাক নিয়ে তাহা, যাক এ জীবন যাক॥

শান্তিনিকেতন ২২ মাঘ, ১৩৪৩

## অমত্য

আমার মনে একটুও নেই বৈকুপ্তের আশা।—

এখানে মোর বাসা

যে মাটিতে শিউরে ওঠে ঘাস,

যার পরে এ মন্ত্র পড়ে দক্ষিণে বাতাস।

চিরদিনের আলোক-জালা নীল আকাশের নিচে

যাত্রা আমার রত্য-পাগল নটরাজের পিছে।

ফুল ফোটাবার যে রাগিণী বকুল শাখায় সাধা

নিষ্কারণে ওড়ার আবেগ চিলের পাখায় বাঁধা,

সেই দিয়েছে রক্তে আমার টেউয়ের দোলাছলি

স্বপ্রলোকে সেই উড়েছে স্থরের পাখ্না তৃলি'।

দায়-ভোলা মোর মন

মন্দে ভালোয় সাদায় কালোয় অন্ধিত প্রাঙ্গণ

ছাড়িয়ে গেছে দূর দিগন্তপানে

আপন বাঁশির পথ-ভোলানো তানে।

দেখা দিল দেহের অভীত কোন্ দেহ এই মোর,
ছিন্ন করি' বস্ত্ববাঁধন ডোর।
শুধু কেবল বিপুল অমুভূতি,
গভীর হতে বিচ্ছুরিত আনন্দময় হ্যতি,
শুধু কেবল গানেই ভাষা যার,
পুপিত ফাল্কনের ছন্দে গল্ধে একাকার;
নিমেষহারা চেয়ে-থাকার দূর অপারের মাঝে
ইঙ্গিত যার বাজে।
যে-দেহেতে মিলিয়ে আছে অনেক ভোরের আলো,
নাম-না-জানা অপূর্বেরে যার লেগেছে ভালো,
যে-দেহেতে রূপ নিয়েছে অনির্বচনীয়
সকল প্রিয়ের মাঝখানে যে প্রিয়,
পেরিয়ে মরণ সে মোর সঙ্গে যাবে
কেবল রসে, কেবল স্থুরে, কেবল অমুভাবে॥

শান্তিনিকেডন ১১৷৩৷৩৭

## পলায়নী

যে পলায়নের অসীম তরণী
বাহিছে সূর্যতারা
সেই পলায়নে দিবসরজনী
ছুটেছ গঙ্গাধারা।
চিরধাবমান নিখিল বিশ্ব
এ পলায়নের বিপুল দৃশ্য,
এই পলায়নে ভূত ভবিষ্য

জলের ছায়া সে ত্রুভতালে বয়, কঠিন ছায়া সে এ লোকালয়, একই প্রলয়ের বিভিন্ন লয় স্থিরে আর অস্থিরে ॥

मीकिष्ट धत्रगीरत।

সৃষ্টি যখন আছিল নবীন
নবীনভা নিয়ে এলে।
ছেলেমান্থবির স্রোতে নিশিদিন
চলো অকারণ খেলে।
লীলাছলে তুমি চির পথহারা,
বন্ধনহীন নৃত্যের ধারা,
তোমার ক্লেতে সীমা দিয়ে কা'রা
বাধন গড়িছে মিছে।
আবাঁধা ছন্দে হেসে যাও সরি'
পাথরের মুঠি শিথিলিত করি',
বাঁধা ছন্দের নগরনগরী
ধুলায় মিলায় পিছে॥

ত্থলতার নাচে।

বিশ্বলীলা তো দেখি কেবলি সে

নেই নেই ক'রে আছে।
ভিত কেঁদে যারা তুলিছে দেয়াল
তা'রা বিধাতার মানে না খেয়াল,
তা'রা ব্ঝিল না,—অনস্তকাল
অচির কালেরই মেলা।

বিজয় তোরণ গাঁথে তা'রা যত
আপনার ভারে ভেঙে পড়ে তত,
খেলা করে কাল বালকের মতো শ্
ল'য়ে তার ভাঙা ঢেলা॥

ওরে মন, তুই চিস্তার টানে
বাঁধিস নে আপনারে,
এই বিশ্বের স্থানুর ভাসানে
আনায়াসে ভেসে যা রে॥
কী গেছে ভোমার কী হয়েছে আর
নাই ঠাঁই তার হিসাব রাখার,
কী ঘটিতে পারে জবাব ভাহার
নাইবা মিলিল কোনো।
কেলিতে কেলিতে যাহা ঠেকে হাতে,
ভাই পরশিয়া চলো দিনে রাতে,
যে স্থর বাজিল মিলাতে মিলাতে
ভাই কান দিয়ে শোনো।

এর বেশি যদি আরো কিছু চাও হঃখই তাহে মেলে। যেটুকু পেয়েছ তাই যদি পাও তাই নাও, দাও ফেলে।

যুগ যুগ ধরি' জেনো মহাকাল
চলার নেশায় হয়েছে মাতাল,
ডুবিছে ভাসিছে আকাশ পাতাল
আলোক আঁধার বহি'।
দাঁড়াবে না কিছু তব আহ্বানে,
ফিরিয়া কিছু না চাবে তোমা পানে,
ভেসে যদি যাও যাবে একখানে
সকলের সাথে রহি'॥

শান্তিনিকেতন ১৯ চৈত্র, ১৩৪৩

#### স্মরণ

যখন রবো না আমি মত কোয়ায়
তথন শ্বরিতে যদি হয় মন
তবে তুমি এসো হেথা নিভ্ত ছায়ায়
যেথা এই চৈত্রের শালবন।

হেথায় যে মঞ্জরী দোলে শাখে শাখে
পুচ্ছ নাচায়ে যত পাখি গায়,
ওরা মোর নাম ধ'রে কভু নাহি ডাকে
মনে নাহি করে বসি' নিরালায়।
কভ যাওয়া কভ আসা এই ছায়াতলে
আনমনে নেয় ওরা সহক্রেই,
মিলায় নিমেষে কত প্রতি পলে পলে
হিসাব কোথাও তার কিছু নেই।

ওদের এনেছে ডেকে আদি সমীরণে ইতিহাস-লিপিহারা যেই কাল আমারে সে ডেকেছিল কভু খনে খনে রক্তে বাজায়েছিল তারি তাল। সেদিন ভূলিয়াছিমু কীর্তি ও খ্যাতি
বিনাপথে চলেছিল ভোলা মন,
চারিদিকে নামহারা ক্ষণিকের জ্ঞাতি
আপনারে করেছিল নিবেদন।
সেদিন ভাবনা ছিল মেঘের মতন
কিছু নাহি ছিল ধরে রাখিবার,
সেদিন আকাশে ছিল রূপের স্থপন,
রং ছিল উড়ো ছবি আঁকিবার।
সেদিনের কোনো দানে ছোটো বড়ো কাজে
স্বাক্ষর দিয়ে দাবি করি নাই,
যা লিখেছি যা মুছেছি শৃস্তের মাঝে
মিলায়েছে, দাম তার ধরি নাই।

সেদিনের হারা আমি,—চিহ্নবিহীন
পথ বেয়ে কোরো তার সন্ধান,
হারাতে হারাতে যেথা চলে যায় দিন,
ভরিতে ভরিতে ডালি অবসান।
মাঝে মাঝে পেয়েছিল আহ্বান পাঁতি
যেখানে কালের সীমা-রেখা নেই,—
খেলা করে চলে যায় খেলিবার সাথী
গিয়েছিল দায়হীন সেখানেই।

**षिरे नारे, ठारे नारे त्राथिनि किंदूरे** ভালোমন্দের কোনো জঞ্জাল, চলে-যাওয়া ফাগুনের ঝরা ফুলে ভূঁই আসন পেতেছে মোর ক্ষণকাল। সেইখানে মাঝে মাঝে এল যারা পাশে কথা তা'রা ফেলে গেছে কোন্ ঠাই; मः मात्र ভाহাদের ভোলে অনায়াদে, সভাঘরে তাহাদের স্থান নাই। বাসা যার ছিল ঢাকা জনতার পারে, ভাষাহারাদের সাথে মিল যার, यে-आिय চায়नि कात्र अभी कतिवात्त्र, রাখিয়া যে যায় নাই ঋণভার সে-আমারে কে চিনেছ মত্যকায়ায়, কখনো স্মরিতে যদি হয় মন, ডেকো না ডেকো না সভা, এসো এ ছায়ায় যেথা এই চৈত্রের শালবন ॥

#### मक्रा

চলেছিল সারা প্রহর
আমায় নিয়ে দূরে
যাত্রী বোঝাই দিনের নৌকো
অনেক ঘাটে ঘুরে।
দূর কেবলি বেড়ে ওঠে
সামনে যতই চাই,
অস্ত যে তার নাই।
দূর ছড়িয়ে রইল দিকে দিকে,
আকাশ থেকে দূর চেয়ে রয় নির্নিমিখে।
দিনের রৌজে বাজতে থাকে
যাত্রাপথের স্থর,
অনেক দূর যে অনেক অনেক দূর।

### সেঁ জুতি

ওগো সন্ধ্যা শেষ প্রহরের নেয়ে,
ভাসাও খেয়া ভাটার গঙ্গা বেয়ে
পৌছিয়ে দাও কৃলে,
যেথায় আছ অতি-কাছের
ছ্য়ারখানি খুলে।
ঐ যে তোমার সন্ধ্যাতারা
মনকে ছুঁয়ে আছে,
ছায়ায় ঢাকা আমলকি বন
এগিয়ে এল কাছে।

দিনের আলো সবার আলো
লাগিয়েছিল ধাঁদা,—
অনেক সেথায় নিবিড় হয়ে
দিল অনেক বাধা।
নানান-কিছু ছুঁয়ে ছুঁয়ে
হারানো আর পাওয়ায়
নানানদিকে ধাওয়ায়।
সন্ধ্যা ওগো কাছের তুমি,
ঘনিয়ে এসো প্রাণে,—
আমার মধ্যে তারে জাগাও
কেউ যারে না জানে।

# সে কৃতি

ধীরে ধীরে দাও আঙিনায় আনি

একলারি দীপখানি,

মুখোমুখি চাওয়ার সে দীপ,

কাছাকাছি বসার,

অতি-দেখার আবরণটি খসার।

সব-কিছুরে সরিয়ে, করো

একটু-কিছুর ঠাই—

যার চেয়ে আর নাই॥

শান্তিনিকেতন ২৩।৪।৩৭

# ভাগীরথী

পূর্ব যুগে, ভাগীরথী, ভোমার চরণে দিল আনি
মর্ত্যের ক্রন্দনবাণী;
সঞ্জীবনী তপস্যায় ভৃত্যীরথ
উত্তরিল হুর্গম পর্ব ত,
নিয়ে গেল ভোমা কাছে মৃত্যুবন্দী প্রেতের আহ্বান,—
ডাক দিল, আনো আনো প্রাণ,
নিবেদিল, হে চৈতক্ত্যস্বরূপিণী তুমি,
গৈরিক অঞ্চল তব চুমি'
তৃণে শব্দে রোমাঞ্চিত হোক মক্রতল;
ফলহীনে দাও ফল,
পূষ্পবদ্ধ্যালভিকার ঘুচাও ব্যর্থতা,
নির্বাক ভূমির মুখে দাও কথা।
তুমি যে প্রাণের ছবি,
হে জাহ্নবী,—

## সে জুতি

ধরণীর আদিস্থপ্তি ভেঙে দিয়ে যেথা যাও চলে জাগ্রত কল্লোলে গানে মুখরিয়া উঠে মাটির প্রাঙ্গণ, তুই তীরে জেগে ওঠে বন; তট বেয়ে মাথা তোলে নগর নগরী জীবনের আয়োজনে ভাগুার ঐশ্বর্যে ভরি' ভরি'।

মানুষের মুখ্যভয় মৃত্যুভয়,
কেমনে করিবে তারে জয়,
নাহি জানে;
তাই সে হেরিছে ধ্যানে
মৃত্যুবিজয়ীর জটা হতে
অক্ষয় অমৃত স্রোতে
প্রাতীর্থতটে সে যে তোমার প্রসাদ পেতে চায়।

সে ডাকিছে, মিথ্যা শঙ্কা নাগপাশ ঘুচাও ঘুচাও, মরণেরে যে কালিমা লেপিয়াছি সে তুমি মুছাও; গন্তীর অভয় মূর্তি মরণের তব কলধ্বনি মাঝে গান ঢেলে দিক্ তরণের এ জন্মের শেষ ঘাটে;

## সে জুতি

নিরুদ্দেশ যাত্রীর ললাটে
স্পর্শ দিক্ আশীর্বাদ তব,
নিক্ সে নৃতন পথে যাত্রার পাথেয় অভিনব;
শেষ দণ্ডে ভরে দিক্ তার কান
অজানা সমুদ্রপথে তব নিত্য অভিসার গান॥

শান্তিনিকেতন ২৬।৪।৩৭

# তীর্থযাত্তিণী

তীर्थित याजिंगी ७ त्य, जीवत्नत्र भरथ শেষ আধকোশটুকু টেনে টেনে চলে কোনোমতে। হাতে নাম-জপ ঝুলি, পাশে তার রয়েছে পুঁটুলি। ভোর হতে ধৈর্য ধরি' বসি' ইস্টেশনে <u>ज</u>न्मश्च जारम भरन, আর কোনো ইস্টেশনে আছে যেন আর কোনো ঠাই, যেথা সব ব্যর্থতাই আপনায় হারানো অর্ঘ্যেরে ফিরে পায়, যেথা গিয়ে ছায়া কোনো এক রূপ ধরি' পায় যেন কোনো এক কায়া। বুকের ভিতরে ওর পিছু হতে দেয় দোল, আশৈশ্ব-পরিচিত দূর সংসারের কলরোল। প্রত্যাখ্যাত জীবনের প্রতিহত আশা व्यकानात्र निकृष्णत्म व्यक्तार्य श्रृं किए हाम वामा।

### **গেঁজু**তি

যে পথে সে করেছিল যাত্রা একদিন
স্থানে নবীন
আলোকে, আকাশ ওর মুখ চেয়ে উঠেছিল হেসে।
সে পথে পড়েছে আজ এসে
অজানা লোকের দল,
ভাদের কণ্ঠের ধ্বনি ওর কাছে ব্যর্থ কোলাহল।
যে যৌবনখানি
একদিন পথে যেতে বল্লভেরে দিয়েছিল আনি
মধুমদিরার রসে বেদনার নেশা
ছঃখে সুখে মেশা,
সে রসের রিক্ত পাত্রে আজ শুক্ষ অবহেলা,
মধুপগুঞ্জনহীন যেন ক্লান্ত হেমন্তের বেলা।

আজিকে চলেছে যারা খেলার সঙ্গীর আশে ওরে ঠেলে যায় পথপাশে;
যে খুঁজিছে তুর্গমের সাথী
ও পারে না তার পথে জালাইতে বাতি
জীর্ণ কম্পমান হাতে
তুর্যোগের রাতে।
একদিন যারা সবে এ পথ নির্মাণে
লেগেছিল আপনার জীবনের দানে,

ও ছিল তাদেরি মাঝে
নানা কাজে,
সে পথ উহার আজ নহে।
সেথা আজি কোন্ দৃত কী বারতা বহে
কোন্ লক্ষ্য পানে
নাহি জানে।

পরিত্যক্ত একা বিসি' ভাবিতেছে পাবে বুঝি দূরে সংসারের গ্লানি ফেলে স্বর্গ-ঘেঁষা হুমূল্য কিছুরে। হায় সেই কিছু

যাবে ওর আগে আগে প্রেতসম, ও চলিবে পিছু কীণালোকে, প্রতিদিন ধরি-ধরি করি' তারে অবশেষে মিলাবে আঁধারে।

আলমোড়া ২২ মে, ১৯৩৭

## নতুন কাল

কোন্ সে কালের কণ্ঠ হতে এসেছে এই স্বর— "এপার গঙ্গা ওপার গঙ্গা মধ্যিখানে চর।"

অনেক বাণীর বদল হোলো, অনেক বাণী চুপ,
নতুন কালের নটরাজা নিল নতুন রূপ।
তখন যে সব ছেলেমেয়ে শুনেছে এই ছড়া,
তা'রা ছিল আরেক ছাঁদে গড়া।
প্রদীপ তা'রা ভাসিয়ে দিত পূজা আনত তীরে,
কী জানি কোন্ চোখে দেখত মকরবাহিনীরে।

তখন ছিল নিত্য অনিশ্চয়, ইহকালের পরকালের হাজার রকম ভয়। জাগত রাজার দারুণ খেয়াল, বর্গি নামত দেশে, ভাগ্যে লাগত ভূমিকম্প হঠাৎ এক নিমেষে। ঘরের থেকে খিড়কি ঘাটে চলতে হোত ডর,

লুকিয়ে কোথায় রাজদন্মর চর। আভিনাতে শুনত পালাগান, বিনা দোষে দেবীর কোপে সাধুর অসমান। সামাশ্য ছুতায়

ঘরের বিবাদ গ্রামের শত্রুতায় গুপ্ত চালের লড়াই যেত লেগে, শক্তিমানের উঠত গুমর জেগে। হার্ত যে তার ঘুচত পাড়ায় বাস, ভিটেয় চলত চাষ।

ধম ছাড়া কারো নামে পাড়বে যে দোহাই

ছिल ना (महे ठाँहै।

ফিস্ফিসিয়ে কথা কওয়া সংকোচে মন ঘেরা, গৃহস্থবৌ, জিব কেটে তার হঠাৎ পিছন-ফেরা; আলতা পায়ে, কাজল চোখে, কপালে তার টিপ,

ঘরের কোণে জ্বালে মাটির দীপ।
মিনতি তার জলেস্থলে, দোহাই-পাড়া মন,
অকল্যাণের শঙ্কা সারাক্ষণ।

আয়ুলাভের ভরে

বলির পশুর রক্ত লাগায় শিশুর ললাট 'পরে। রাত্রিদিবস সাবধানে তার চলা,

অশুচিতার ছোঁয়াচ কোথায় যায় না কিছুই বলা।
ওদিকেতে মাঠে বাটে দস্যুরা দেয় হানা,
এদিকে সংসারের পথে অপদেবতা নানা।
জানা কিংবা না-জানা সব অপরাধের বোঝা.

ভয়ে তারি হয় না মাথা সোজা।

## সে জুতি

এরি মধ্যে গুন্গুনিয়ে উঠল কাহার স্বর— "এপার গঙ্গা ওপার গঙ্গা, মধ্যিখানে চর।"

সেদিনো সেই বইতেছিল উদার নদীর ধারা,
ছায়া-ভাসান দিতেছিল সাঁজ সকালের ভারা।
হাটের ঘাটে জমেছিল নৌকো মহাজনী,
রাত না যেতে উঠেছিল দাঁড়-চালানো ধ্বনি।
শাস্ত প্রভাত কালে
সোনার রৌজ পড়েছিল জেলেডিঙির পালে।
সন্ধ্যেবেলায় বন্ধ আসা-যাওয়া,
হাঁসবলাকার পাখার ঘায়ে চমকেছিল হাওয়া।
ডাঙায় উন্থন পেতে
রান্না চড়েছিল মাঝির বনের কিনারেতে।
শেয়াল ক্ষণে ক্ষণে

কোথায় গেল সেই নবাবের কাল,
কাজির বিচার, শহর কোভোয়াল।
পুরাকালের শিক্ষা এখন চলে উজান-পথে,
ভয়ে-কাঁপা যাত্রা সে নেই বলদটানা রথে।

ইতিহাসের গ্রন্থে আরো খুলবে নতুন পাতা,
নতুন রীতির স্ত্রে হবে নতুন জীবন গাঁথা।
যে হোক রাজা যে হোক মন্ত্রী কেউ র'বে না তা'রা,
বইবে নদীর ধারা,
জেলেডিঙি চিরকালের, নৌকো মহাজনী,
উঠবে দাঁড়ের ধ্বনি।
প্রাচীন অশথ আধা ডাঙায় জলের 'পরে আধা,
সারারাত্রি গুঁড়িতে তার পান্সি রইবে বাঁধা।

তথনো সেই বাজবে কানে যখন যুগান্তর "এপার গঙ্গা ওপার গঙ্গা মধ্যিখানে চর।

আলমোড়া ২৫ মে, ১৯৩৭

# চলতি ছবি

রোদ্ধুরেতে ঝাপসা দেখায় ঐ যে দূরের গ্রাম যেমন ঝাপসা না-জানা ওর নাম। পাশ দিয়ে যাই উড়িয়ে ধূলি, শুধু নিমেষতরে চল্তি ছবি পড়ে চোখের 'পরে।

দেখে গেলেম, গ্রামের মেয়ে কলসি-মাথায়-ধরা,
রঙিন-শাড়ি-পরা,
দেখে গেলেম, পথের ধারে ব্যবসা চালায় মৃদি;
দেখে গেলেম, নতুন বধু আধেক ছ্য়ার রুধি'
ঘোমটা থেকে কাঁক ক'রে তার কালো চোখের কোণা
দেখছে চেয়ে পথের আনাগোনা।
বাঁধানো বটগাছের তলায় পড়তি রোদের বেলায়
গ্রামের ক'জন মাতকরে মগ্ন তাসের খেলায়।

এইটুকুতে চোখ বুলিয়ে আবার চলি ছুটে, এক মুহূতে গ্রামের ছবি ঝাপসা হয়ে উঠে।

धे ना-काना धारमत প्रास्थ मकाल रक्लाग्र शूरव সূর্য ওঠে, সন্ধ্যে বেলায় পশ্চিমে যায় ডুবে। **पिरिनेत जिंक कार्य,** স্বপ্নদেখা রাতের নিদ্রামাঝে. जे घरत, जे भार्ठ, এখানে জল-আনার পথে ভিজে পায়ের ঘাটে, পাখিডাকা ঐ গ্রামেরি প্রাতে, े शामित पिरनत वास्त सिमिष्ठ-मौभ तार्ष তরঙ্গিত ত্বঃখস্থাখের নিত্য ওঠা-নাবা, क्लात्नां वा शांशन मत्न, वाहेरत्र क्लात्नां वा। তা'রা যদি তুলত ধ্বনি, তাদের দীপ্ত শিখা जे जाकारम निथं यिन निथा. রাত্রিদিনকে কাঁদিয়ে-তোলা ব্যাকুল প্রাণের ব্যথা পেত যদি ভাষার উদ্বেলতা, তবে হোথায় দেখা দিত পাথর-ভাঙা স্রোতে মানব-চিত্ত তুঙ্গ-শিখর হতে সাগর-খোঁজা নির্মর সেই, গর্জিয়া নতিয়া ছুটছে যাহা নিত্যকালের বক্ষে আবর্তিয়া কানাহাসির পাকে,

## সেঁ জুতি

ভাহা হোলে ভেমনি করেই দেখে নিভেম ভাকে চমক লেগে হঠাৎ পথিক দেখে যেমন ক'রে নায়েগারার জলপ্রপাত অবাক্ দৃষ্টি ভ'রে।

চলছে দারুণ ভাতৃহত্যা শতল্পীবাণ হেনে। সংবাদ তার মুখর হোলো দেশমহাদেশ জুড়ে, সংবাদ তার বেড়ায় উড়ে উড়ে দিকে দিকে যন্ত্ৰ-গরুড় রথে উদয়-রবির পথ পেরিয়ে অস্তরবির পথে। किन्छ यादित नार्टे कारना मःवान, कर्छ यादमत नाहरका जिश्हनाम. मिरे य नक्करकारि मासूय किले कारना किले धरना, তাদের বাণী কে শুনছে আৰু বলো। তাদের চিত্ত-মহাসাগর উদ্দাম উত্তাল यश करत অस्तरिशीन काल : ঐ তো তাহা সম্মুখেতেই, চারদিকে বিস্তৃত পৃথীজোড়া মহাতুফান, তবু দোলায় নি তো তাহারি মাঝখানে-বসা আমার চিত্তখানি। এই প্রকাণ্ড জীবননাটো কে দিয়েছে টানি'

युका लागल (ज्ञात ;

প্রকাণ্ড এক অটল যবনিকা।
ওদের আপন ক্ষুদ্র প্রাণের শিখা
যে আলো দেয় একা,
পূর্ণ ইতিহাসের মূর্তি যায় না ভাহে দেখা

এই পৃথিবীর প্রাস্ত হতে বিজ্ঞানীদের দৃষ্টি
জনেছে আজ তারার বক্ষে উজ্জ্ঞালিত সৃষ্টি
উন্মথিত বহ্নি-সিন্ধু-প্লাবন নিঝ্রে
কোটি যোজন দ্রত্বেরে নিত্য লেহন করে।
কিন্তু এই যে এই মুহুতে বেদন হোমানল
আলোড়িছে বিপুল চিত্ততল
বিশ্বধারায় দেশে দেশাস্তরে
লক্ষ্ণ লক্ষ্ণ ঘরে,
আলোক তাহার দাহন তাহার, তাহার প্রদক্ষিণ
যে অদৃশ্য কেন্দ্র ঘিরে চলছে রাত্রিদিন
তাহা মত্যজ্জনের কাছে
শাস্ত হয়ে স্তর্ক হয়ে আছে।
যেমন শাস্ত যেমন স্তর্ক দেখায় মুগ্ধ চোখে
বিরামহীন জ্যোতির ঝঞ্ধা নক্ষত্র আলোকে।

আলমোড়া

## ঘর ছাড়া

তখন একটা রাত,—উঠেছে সে তড়বড়ি, কাঁচা ঘুম ভেঙে। শিয়রেতে ঘড়ি কর্কশ সংকেত দিল নিম্ম ধ্বনিতে। অন্ত্রাণের শীতে এ বাসার মেয়াদের শেষে যেতে হবে আত্মীয়-পরশহীন দেশে ক্ষমাহীন কত ব্যের ডাকে। পিছে পড়ে থাকে এবারের মতো ত্যাগযোগ্য গৃহসজ্জা যত। জরাগ্রস্ত তক্তপোস কালিমাখা শতরঞ্চ পাতা; আরামকেদারা ভাঙা-হাতা; পালের শোবার ঘরে হেলে-পড়া টিপয়ের 'পরে পুরোনো আয়না দাগ-ধরা; পোকা-কাটা হিসাবের খাতা-ভরা

কাঠের সিন্দুক এক ধারে;
দেয়ালে ঠেসান-দেওয়া সারে সারে
বহু বৎসরের পাঁজি;
কুলুঙ্গিতে অনাদৃত পূজার ফুলের জীর্ণ সাজি।
প্রদীপের স্তিমিত শিখায়
দেখা যায়
ছায়াতে জড়িত তা'রা
স্তম্ভিত রয়েছে অর্থহারা।

ট্যাক্সি এল দারে, দিল সাড়া হুংকার পরুষরবে। নিদ্রায় গম্ভীর পাড়া রহে উদাসীন। প্রহরীশালায় দূরে বাজে সাড়ে তিন

শৃশুপানে চক্নু মেলি'
দীর্ঘাস ফেলি'
দূর্যাত্রী নাম নিল দেবতার,
তালা দিয়ে রুধিল তুয়ার।
টেনে নিয়ে অনিচ্ছুক দেহটিরে
দাঁড়াল বাহিরে।

সেঁ জুতি

উধ্বে কালো আকাশের ফাঁকা वाँ छि मिर्य, हत्न राज्ञ वाक्र एव शाथा। रयन ८म. निमम অনিশ্চিত-পানে-ধাওয়া অদৃষ্টের প্রেতচ্ছায়াসম। वृक्षवर्षे मिन्दित्रत थादत, অজগর অন্ধকার গিলিয়াছে তারে। সভা মাটিকাটা পুকুরের পাড়ি ধারে বাসা বাঁধা মজুরের খেজুরের পাতা-ছাওয়া,—ক্ষীণ আলো করে মিট্ মিট্, পাশে ভেঙে-পড়া পাঁজা। তলায় ছড়ানো তার ইট। तकनौत ममीलिशि मार्य लूश्रात्रथा मः मारत्र इित, — शानकां व कार्ष मातारवना ठाषीत वाख्ठा; গলা-ধরাধরি কথা মেয়েদের; ছুটি-পাওয়া ছেলেদের ধেয়ে-যাওয়া रेश रेश त्राव ; शाँचितात्त्र राजात्रत्वा वस्रा-वश भाक्रियों क जाज़ा नित्य र्छना,— আঁকড়িয়া মহিষের গলা ওপারে মাঠের পানে রাখাল ছেলের ভেঙ্গে-চলা। निতाकाना সংসারের প্রাণলীলা না উঠিতে ফুটে याजी लास व्यक्तकात्त शाष्ट्रि यात्र ছूटि।

ষেতে যেতে পথপাশে
পানা পুকুরের গন্ধ আসে,
সেই গন্ধে পায় মন
বহু দিনরজনীর সকরুণ স্নিগ্ধ আলিঙ্গন।
আঁকাবাঁকা গলি
রেলের স্টেশনপথে গেছে চলি;
হুই পাশে বাসা সারি সারি;
নরনারী

যে যাহার ঘরে
রহিল আরাম শয্যা 'পরে।
নিবিড় আঁধার-ঢালা আমবাগানের ফাঁকে
অসীমের টিকা দিয়া বরণ করিয়া স্তব্ধতাকে
শুকতারা দিল দেখা।
পথিক চলিল একা
অচেতন অসংখ্যের মাঝে।
সাথে সাথে জনশৃষ্ঠ পথ দিয়ে বাজে
রথের চাকার শব্দ হৃদয়বিহীন ব্যস্ত স্থ্রে
দূর হতে দুরে॥

শ্রীনিকেতন ২২ নভেম্বর, ১৯৩৬

## জন্মদিন

দৃষ্টিজালে জড়ায় ওকে হাজারখানা চোখ,
ধ্বনির ঝড়ে বিপন্ন ঐ লোক।
জন্মদিনের মুখর তিথি যারা ভুলেই থাকে,
দোহাই ওগো, তাদের দলে লও এ মানুষটাকে,
সজ্বে পাতার মতো যাদের হাল্কা পরিচয়,
ত্লুক খন্থক শব্দ নাহি হয়।

স্বার মাঝে পৃথক ও যে ভিড়ের কারাগারে
খ্যাভি-বেড়ির নিরস্ত ঝংকারে।
স্বাই মিলে নানা রঙে রঙিন করছে ওরে
নিলাজমঞ্চে রাখছে তুলে ধ'রে,
আঙুল তুলে দেখাছেে দিনরাত;
লুকোয় কোথা ভেবে না পায়, আড়াল ভূমিসাং।

দাও না ছেড়ে ওকে
সিশ্ব আলো শ্যামল ছায়া বিরল কথার লোকে,
বেড়াবিহীন বিরাট ধূলি'পর,
সেই যেখানে মহাশিশুর আদিম খেলাঘর।

ভোরবেলাকার পাথির ভাকে প্রথম খেয়া এসে
ঠেকল যখন সব প্রথমের চেনাশোনার দেশে;
নাম্ল ঘাটে যখন ভারে সাজ রাখে নি ঢেকে,
ছুটির আলো নয় গায়ে লাগ্ল আকাশ থেকে,
যেমন ক'রে লাগে ভরীর পালে,
যেমন লাগে অশোক গাছের কচি পাভার ভালে।
নাম-ভোলা ফুল ফুটল ঘাসে ঘাসে
সেই প্রভাতের সহজ অবকাশে।
ছুটির যজ্ঞে পুষ্পহোমে জাগল বকুলশাখা,
ছুটির শুক্তে ফাগুনবেলা মেল্ল সোনার পাখা।

ছুটির কোণে গোপনে তার নাম
আচম্কা সেই পেয়েছিল মিষ্টি স্থরের দাম;
কানে কানে সে নাম-ডাকার ব্যথা উদাস করে
চৈত্রদিনের স্তব্ধ গুই প্রহরে।
আজ সবুজ এই বনের পাতায় আলোর ঝিকিমিকি
সেই নিমেষের তারিখ দিল লিখি'।

## সেঁ জুতি

তাহারে ডাক দিয়েছিল পদ্মানদীর ধারা,
কাঁপন-লাগা বেণুর শিরে দেখেছে শুকতারা;
কাজল-কালো মেঘের পুঞ্জ সজল সমীরণে
নীল ছায়াটি বিছিয়েছিল তটের বনে বনে;
ও দেখেছে গ্রামের বাঁকা বাটে
কাঁখে কলস মুখর মেয়ে চলে স্নানের ঘাটে;
সর্বে-তিসির ক্ষেতে
ছই-রঙা স্থর মিলেছিল অবাক আকাশেতে;
তাই দেখেছে চেয়ে চেয়ে অন্তর্বরির রাগে
বলেছিল, এই তো ভালো লাগে।
সেই যে ভালো-লাগাটি তার যাক সে রেখে পিছে
কীর্তি যা সে গেঁথেছিল, হয় যদি হোক মিছে;
না যদি রয় নাই রহিল নাম,
এই মাটিতে রইল তাহার বিস্মিত প্রণাম।

আলমোড়া ২২ বৈশাখ, ১৩৪৪

#### প্রাণের দান

অব্যক্তের অন্তঃপুরে উঠেছিলে জেগে,
ভারপর হতে তরু, কী ছেলেখেলায়
নিজেরে ঝরায়ে চলো চলাহীন বেগে,
পাওয়া দেওয়া ছই তব হেলায় ফেলায়।
প্রাণের উৎসাহ নাহি পায় সীমা খুঁজি'
মর্মারিত মাধুর্যের সৌরভ সম্পদে।
মৃত্যুর উৎসাহ সেও অফুরস্ত বৃঝি
জীবনের বিত্ত নাশ করে পদে পদে।
আপনার সার্থকতা আপনার প্রতি
আনন্দিত ওদাসীত্যে; পাও কোন্ সুধা
রিক্ততায়; পরিতাপ-হীন আত্মক্ষতি
মিটায় জীবনযজ্ঞে মরণের ক্ষ্ধা।
এমনি মৃত্যুর সাথে হোক মোর চেনা,
প্রাণেরে সহজে তার করিব খেলেনা।

শান্তিনিকেতন ১ মার্চ, ১৯৩৮

#### নিঃশেষ

শরৎ বেলার বিত্তবিহীন মেঘ श्राद्यार्ष्ट् जा'त्र थात्रायर्थन (वन ; ক্লান্তি আলসে যাত্রার পথে দিগন্ত আছে চুমি', অঞ্চলি তব বৃথা তুলিয়াছ হে তরুণী বনভূমি। শাস্ত হয়েছে দিকহারা তার ঝড়ের মত্ত লীলা, বিত্যুৎপ্রিয়া স্মৃতির গভীরে হোলো অন্তঃশীলা। मगग्न এमেছে, निर्क्तन গিরিশিরে कालिया चूहारय ७ ज जूबारत मिर्ग यारव धीरत धीरत। অস্ত সাগর পশ্চিমপারে সন্ধ্যা নামিবে যবে मल अधित नीत्रव वीशात त्राशिशीए नीन হবে। তবু যদি চাও শেষ দান তার পেতে, এ দেখো ভরা ক্ষেতে পাকা ফসলের দোহল্য অঞ্চলে নিঃশেষে তার সোনার অহ্য রেখে গেছে ধরাতলে। त्म कथा श्वितिया, हत्म याज मिर्या जात, लब्का पिरशा ना निःश्व पिरनत निर्वत त्रिक्कारत ॥

শান্তিনিকেতন ৮।৪।৩৮

# প্রতীক্ষা

অসীম আকাশে মহাতপন্থী
মহাকাল আছে জাগি'।
আজিও যাহারে কেহ নাহি জানে,
দেয়নি যে দেখা আজো কোনোখানে,
সেই অভাবিত কল্পনাতীত
আবিভাবের লাগি'
মহাকাল আছে জাগি'।

বাতাসে আকাশে যে নব রাগিণী জগতে কোথাও কখনো জাগে নি রহস্যলোকে তারি গান সাধা চলে অনাহত রবে। ভেঙে যাবে বাঁধ স্বর্গপুরের, প্লাবন বহিবে নৃতন স্থুরের, বধির যুগের প্রাচীন প্রাচীর ভেসে চলে যাবে তবে।

# সে কৃতি

যার পরিচয় কারো মনে নাই,

যার নাম কভু কেহ শোনে নাই,

না জেনে নিখিল পড়ে আছে পথে

যার দরশন মাগি'—

তারি সত্যের অপরূপ রসে

চমকিবে মন অভূত পরশে,

মৃত পুরাতন জড় আবরণ

মূহুতে যাবে ভাগি',

যুগ যুগ ধরি' তাহার আশায়

মহাকাল আছে জাগি'॥

भाष्ठिनिष्क् छन ८।১०।७७

## পরিচয়

একদিন তরীখানা থেমেছিল এই ঘাটে লেগে,
বসস্তের নৃতন হাওয়ার বেগে।
তোমরা স্থায়েছিলে মোরে ডাকি'
পরিচয় কোনো আছে না কি,
যাবে কোন্খানে।
আমি শুধু বলেছি, কে জানে।

নদীতে লাগিল দোলা, বাঁধনে পড়িল টান

একা বসে গাহিলাম যৌবনের বেদনার গান।
সেই গান শুনি
কুস্মিত ভরুতলে তরুণ ভরুণী
তুলিল অশোক,
মোর হাতে দিয়ে তা'রা কহিল, এ আমাদেরি লোক।

#### আর কিছু নয়, সে মোর প্রথম পরিচয়।

তারপরে জোয়ারের বেলা
সাঙ্গ হোলো, সাঙ্গ হোলো তরঙ্গের খেলা,
কোকিলের ক্লান্ত গানে
বিশ্বত দিনের কথা অকস্মাৎ যেন মনে আনে
কনকচাঁপার দল পড়ে ঝুরে,
ভেসে যায় দূরে,—
ফাস্কনের উৎসব রাতির
নিমন্ত্রণ লিখন পাঁতির
ছিন্ন অংশ তা'রা
অর্থহারা।

ভাঁটার গভীর টানে
ভরীখানা ভেসে যায় সমুজের পানে।
নৃতন কালের নব যাত্রী ছেলেমেয়ে
যথাইছে দূর হতে চেয়ে
সন্ধ্যার ভারার দিকে
বহিয়া চলেছে ভরণী কে।

সেতারেতে বাঁধিলাম তার, গাহিলাম আরবার—

### সেঁ জুতি

—মোর নাম এই ব'লে খ্যাত হোক,—
আমি তোমাদেরি লোক।—
আর কিছু নয়—
এই হোক শেষ পরিচয়।

শান্তিনিকেতন ১৩ মাঘ, ১৩৪৩

# পালের নৌকা

তীরের পানে চেয়ে থাকি পালের নৌকা ছাড়ি', গাছের পরে গাছ ছুটে যায়, বাড়ির পরে বাড়ি। দক্ষিণে ও বামে গ্রামের পরে গ্রামে ঘাটের পরে ঘাটগুলো সব পিছিয়ে চলে যায় ভোজবাজিরি প্রায়।

> নাইছে যারা তারা যেন সবাই মরীচিকা যেমনি চোখে ছবি আঁকে মোছে ছবির লিখা। আমি যেন চেপে আছি মহাকালের তরী, দেখছি চেয়ে যে খেলা হয় যুগযুগান্ত ধরি'। পরিচয়ের যেমন শুরু তেমনি তাহার শেষ, সামনে দেখা দেয়, পিছনে অমনি নিরুদ্দেশ। ভেবেছিলুম ভুলব না যা, তাও যাচ্ছি ভুলে, পিছু-দেখার ঘুচিয়ে বেদন চলছি নতুন কৃলে।

### শে জুতি

পেতে পেতেই ছাড়া

দিনরান্তির মনটাকে দেয় নাড়া।
এই নাড়াতেই লাগছে খুলি, লাগছে ব্যথা কভু,
বেঁচে-থাকার চলতি খেলা লাগছে ভালোই তবু।
বারেক ফেলা, বারেক তোলা, ফেলতে ফেলতে যাওয়া—
এ'কেই বলে জীবন তরীর চলস্ত দাঁড় বাওয়া।
ভাহার পরে রাত্রি আসে, দাঁড়টানা যায় থামি,
কেউ কারেও দেখতে না পায় আঁধার-তীর্থগামী।
ভাঁটার স্রোতে ভাসে তরী, অকুলে হয় হারা
যে সমুদ্রে অস্তে নামে কালপুরুষের তারা॥

### **ठलां** ठल

ওরা তো সব পথের মানুষ, তুমি পথের ধারের,
ওরা কাজে চলছে ছুটে, তুমি কাজের পারের।
বয়স তোমায় অনেক দিল, অনেক নিল কেড়ে,
রইল যত তাহার চেয়ে অধিক গেল ছেড়ে।
চিহ্ন পড়ে, তারে ঢাকে নতুন চিহ্ন এসে,
কোনো চিহ্ন স্পষ্ট হয়ে রয় না অবশেষে।
যেথায় ছিল চেনা লোকের নীড়
অনায়াসে জমল সেথায় অচেনাদের ভিড়।
তুমি শাস্ত হাসি হাসো যখন ওরা ভাবে
ওদের বেলায় অক্ষত দিন এমনি করেই যাবে।

#### মায়া

>

করেছিমু যত স্থরের সাধন
নতুন গানে,
খসে পড়ে তার স্মৃতির বাঁধন
আলগা টানে।
পুরানো অতীতে শেষে মিলে যায়।
বেড়ায় ঘুরে,
প্রেতের মতন জাগায় রাত্রি
মায়ার স্থরে।

२

ধরা নাহি দেয় কণ্ঠ এড়ায় যে স্কুরখানি স্বপ্ন গহনে লুকিয়ে বেড়ায় ভাহার বাণী।

## সেঁ জুতি

বুকের কাঁপনে নীরবে দোলে সে ভিতর পানে, মায়ার রাগিণী ধ্বনিয়া ভোলে সে সকল খানে।

দিবস ফুরায় কোথা চলে যায়
মত্য কায়া,
বাঁধা পড়ে থাকে ছবির রেখায়
ছায়ার ছায়া।
নিত্য ভাবিয়া করি যার সেবা
দেখিতে দেখিতে কোথা যায় কেবা,
স্বপ্ন আসিয়া রচি' দেয় তার
রূপের মায়া॥

# গগনে-শ্রনাথ ঠাকুর

গগনেন্দ্রনাথ,

রেখার রঙের তীর হতে তীরে
ফিরেছিল তব মন,
রূপের গভীরে হয়েছিল নিমগন।
গেল চলি' তব জীবনের তরী
রেখার সীমার পার
অরূপ ছবির রহস্ত মাঝে
অমল শুক্রতার।

শাস্থিনিকেতন ১৯৮৮৮৮

## শে জুতি

# चीडू

আমার ছুটি আসছে কাছে সকল ছুটির শেষ, ছবি একটি জাগছে মনে—ছুটির মহাদেশ। আকাশ আছে স্তব্ধ সেথায়, একটি স্থরের ধারা অসীম নীরবতার কানে বাজাচ্ছে একতারা॥ Barcode: 4990010208817
Title - Senjuti
Author - Tagore, Rabindranath
Language - bengali
Pages - 78
Publication Year - 1938



Barcode EAN.UCC-13